দৈনিক ইনকিলাব
0 8 DEC 2006
পৃ. ২ ৭

### হুমকি প্রদান ও কুৎসা রটাচ্ছেন শিক্ষক

# জাবিতে ছাত্রী নিপীড়নের ঘটনা ধামাচাপা দেয়ার চেষ্টা

জাবি সংবাদদাতা ঃ ছাত্রী নিপীড়নের ঘটনা ধামাচাপা দেয়ার চেষ্টা চলছে জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয়ে। একই সঙ্গে নিপীড়িন ছাত্রী যেন কোন প্রকার শাস্তি দাবী না করে সে জন্য তাকে পালিত ক্যাডার বাহিনী দিয়ে হুমকি প্রদান করছেন অভিযুক্ত শিক্ষক। একই সঙ্গে নিপীড়িত ছাত্রী সম্পর্কে নানা প্রকার কুৎসা রটাচ্ছেন অভিযুক্ত শিক্ষক ও তার ক্যাডার বাহিনী।

জানা যায়, বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের প্রথম বর্ষের (২০০৫-২০০৬ শিক্ষাবর্ষ) একছাত্রী ঐ বিভাগেরই শিক্ষক ড. গোলাম মোস্তোফার হাতে নিপীড়নের শিকার হয়েছেন। যৌন নিপীড়নের শিকার ঐ ছাত্রী জানান, গত শিক্ষাবর্ষে বিশ্ববিদ্যায়ে ভর্তি হওয়ার পরপরই ড. গোলাম মোস্তোফা তাকে অবৈধ সম্পর্ক গড়তে আহ্বান জানান, ছাত্রীটি বিষয়টি প্রথমে এড়িয়ে গেলেও এড়াতে পারেননি ঐ শিক্ষকের নজর। অল্প কয়েকদিনের ব্যবধানেই ড. গোলাম মোস্তোফা ঐ ছাত্রীকে একদিন তার রুমে ডেকে নিয়ে যৌন নিপীড়ন চালায়। নির্যাতনকারী শিক্ষক, নিপীড়ন শেষে ছাত্রীকে বিভিন্ন প্রকার হুমকি প্রদান করে। ভয়ে উক্ত ছাত্রী বিষয়টি শুধু তার মা-বাবাকে জানান। তার মা-বাবা উক্ত শিক্ষকের সঙ্গে আলাপ করলে উক্ত শিক্ষক তার বাবা-মাকে ছাত্রীর ভর্তি বাতিলের হুমকি প্রদান করে। ইতোমধ্যে গত ১৬ নভেম্বর উক্ত শিক্ষক পুনরায় ঐ ছাত্রীকে তার রুমে ডেকে নিয়ে যায় এবং নিপীড়নের চেষ্টা চালায়। এ সময় নিপীড়িত ছাত্রীটি দৌড়ে পালায়।